বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।
www.bb.org.bd

সার্কুলার পত্র নং-০৩

বৈশাখ ৭, ১৪২৪
তারিখ ঃ ----------------------
এপ্রিল ২০, ২০১৭

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/ প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**২০১০-২০১১অর্থবছর হতে আমদানি, রপ্তানি ও ইনডেন্টিং নিবন্ধন সনদপত্র ইস্যু এবং নবায়নের বিপরীতে গ্রাহকের নিকট হতে প্রাপ্ত ফি এর উপর ১৫% হারে উৎসে মুসক কর্তন ও সরকারী কোষাগারে জমা প্রদান প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হতে প্রেরিত ০৩/০৪/২০১৭ তারিখের স্মারক নম্বর:২৬.০৩.০০০০.০০৪.০২.০০৪.১৬/১১৩ (সংযুক্তি) এবং অত্র বিভাগের সার্কুলার পত্র নং এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৫-১৭, তারিখ ০২/০৯/২০১৫ এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

২। আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের ০৩/০৪/২০১৭ তারিখের পত্রের ভাষ্য মোতাবেক সম্প্রতি মহামান্য হাইকোর্ট কর্তৃক রীট পিটিশন নং ৫৩৫৪/২০১৬ খারিজ এবং ভ্যাট আদায় কার্যক্রম স্থগিত রাখার বিষয়ে ইতিপূর্বে জারিকৃত অন্তবর্তীকালীন আদেশ বাতিল করার প্রেক্ষিতে অত্র বিভাগ কর্তৃক ২/০৯/২০১৫ তারিখে ইস্যুকৃত সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৫-১৭ এর নির্দেশনা অনুযায়ী যথানিয়মে প্রযোজ্য ভ্যাট আদায় কার্যক্রম পরিচালিত হবে মর্মে আপনাদেরকে অবহিত করা যাচ্ছে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন।

সংযুক্তি: বর্ণনামতে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল মান্নান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩১৯

কার্যালয়, ঢাকা।
মুদ্রা নীতি বিভাগ
৫২৫
তারিখ ১১।৪।১৭

**অতি জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
১১১-১১৩, মতিঝিল বানিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

নং-২৬.০৩.০০০০.০০৪.০২.০০৪.১৬/১১৩

তারিখঃ ২০ চৈত্র ১৪২৩
০৩ এপ্রিল ২০১৭

## বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০১০-১১ অর্থ বছর হতে আমদানি, রপ্তানি ও ইন্ডেন্টিং নিবন্ধন সনদপত্র ইস্যু এবং নবায়নের বিপরীতে গ্রাহকের নিকট হতে প্রাপ্ত ফি এর উপর ১৫% হারে উৎসে মুসক কর্তন ও সরকারী কোষাগারে জমা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের মূসক আইন ও বিধি শাখার গত ১৮/০৮/২০১৫ তারিখের ০৮.০১.০০০০.০৬৮.২৫.০০২.১৫/৩২৯ (১) সংখ্যাক পত্রের প্রেক্ষিত আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের গত ২৭ আগস্ট ২০১৫ তারিখের ২৬.০৩.০০০০.০০৭.০৩.০০১.১৪/৬৬৮ সংখ্যাক প্রত্রের মাধ্যমে ২০১০-১১ অর্থ বছর হতে আমদানি, রপ্তানি ও ইন্ডেন্টিং নিবন্ধন সনদপত্র ইস্যু এবং নবায়নের বিপরীতে গ্রাহকের নিকট হতে প্রাপ্ত ফি এর উপর ১৫% হারে উৎসে মুসক কর্তন ও সরকারী কোষাগারে জমা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছিল।

২। এ বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৫৩৫৪/২০১৬ দায়ের করা হলে আদালত কর্তৃক অন্তবর্তীকালীন আদেশে ভ্যাট আইন ১৯৯১ এর বিধি ১৮ ঙ এর উপবিধি (১) এর কার্যকারিতা ০৩ (তিন) মাসের জন্য স্থগিত করার প্রেক্ষিতে এ দপ্তরের পত্র নং ২৬.০৩.০০০০.০০৪.০২.০০৪.০৪.১৬/২৭ তারিখঃ ০৯ জুন ২০১৬ এর মাধ্যেমে ভ্যাট আদায়ের কার্যক্রম স্থগিত রাখার নির্দেশ দেওয়া হয়েছিল।

৩। রীট পিটিশন নং ৫৩৫৪/২০১৬ মহামান্য হাইকোট বিভাগ কর্তৃক খারিজ করা হয়েছে। সেইসাথে আদালত কর্তৃক ইতোপূর্বে প্রদত্ত অন্তবর্তীকালীন আদেশটি বাতিল করা হয়েছে।

৪। এমতাবস্থায়, সংশ্লিষ্ট বিষয়ে এ দপ্তরের বিগত ২৭ আগস্ট ২০১৫ তারিখের ২৬.০৩.০০০০.০০৭.০৩.০০১.১৪/৬৬৮ সংখ্যাক প্রত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য ভ্যাট আদায় কার্যক্রম পরিচালিত হবে।

৩.৪.২০১৭

(আফরোজ খান)
প্রধান নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি, ঢাকা।
ফোন- ৯৫৫১৫৫৬, ফ্যাক্স- ৯৫৫০২১৭
ই-মেইল- controller.chief@ccie.gov.bd

বিতরণ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (দৃঃ আঃ সদস্য, মুসক নীতি)।
২। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা (সকল তফশীলি ব্যাংক এর চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালকগণ'কে নির্দেশনা প্রদানের জন্য)।
৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
৬। দপ্তর প্রধান, সকল আঞ্চলিক আমদানি ও রপ্তানি দপ্তর।
৭। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, সকল তফশীলি ব্যাংক (সংশ্লিষ্ট সকল এ/ডি ব্যাংকে দাপ্তরিকভাবে অবহিতকরণের জন্য)।
৮। সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, মতিঝিল, ঢাকা (সকল চেম্বার/এসোসিয়েশন'কে অবগত করার জন্য)।
৯। ওয়েব সাইট কপি।